# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইকামতের সময় শয়তান কী পরিমাণ দুরে সরে যায় তার বর্ণনা

ذِكْرُ قَدْرِ تَبَاعُدِ الشَّيْطَانِ عِنْدَ النِّدَاءِ بِالْإِقَامَةِ

আরবী

1662 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى بِالْمَوْصِلِ حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ: عَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ الشَّيْطَانَ إِذَا سَمِعَ النِّدَاءَ بِالصَّلَاةِ ذَهَبَ حَتَّى يَكُونَ مَكَانُ الرَّوْحَاءِ) قَالَ سُلَيْمَانُ: فَسَأَلْتُهُ عَنِ الرَّوْحَاءِ فَقَالَ: هِيَ مِنَ الْمَدِينَةِ عَلَى سَبْعَةٍ وثلاثين ميلاً.

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1662 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১৬৬২. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “শয়তান যখন সালাতের আযান শুনতে পায়, তখন সে রাওহা নামক স্থান পর্যন্ত চলে যায়।”[1]

সুলাইমান রহিমাহুল্লাহ বলেন, “আমি আমার উস্তাদকে রাওহা নামক স্থান সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি জবাবে বলেন, “এটি মদীনা থেকে ৩৭ মাইল দুরে।”

ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা: ১৮৯৫; সহীহ মুসলিম: ৩৮৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২২৮; মুসনাদ আহমাদ: ৩/৩১৬; আবূ আওয়ানা: ১/৩৩৩; সুনান বাইহাকী: ১/৪৩২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ১৬৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91256

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন